মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ও গ্রাফিতি-চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ এবং গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার জেলা পর্যায়ের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে এ পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রাহীমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট ও ক্রেস্ট তুলে দেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, শুধু শ্রেণিকক্ষে প্রথম, দ্বিতীয় বা তৃতীয় হওয়াই প্রকৃত শিক্ষা নয়; মানুষের মতো মানুষ হয়ে ওঠাই প্রকৃত শিক্ষা। তিনি বলেন, চিত্রাঙ্কন, গ্রাফিতি, কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতার মতো আয়োজন একজন শিক্ষার্থীর সৃজনশীলতা বিকাশের অন্যতম মাধ্যম। এসব প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের চিন্তা-চেতনা, সমাজের চাহিদা, আকাঙ্ক্ষা ও প্রতিবাদের ভাষা সবার সামনে তুলে ধরতে পারে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতিম শীল।

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে অনুষ্ঠিত উপস্থিত বক্তৃতা, বিতর্ক, রচনা, কুইজ, হামদ-নাত, কোরআন তেলাওয়াত, দেশাত্মবোধক গান, রবীন্দ্রসঙ্গীত, নজরুলসঙ্গীত, লোকসঙ্গীত, একক অভিনয়, চিত্রাঙ্কন ও গ্রাফিতি প্রতিযোগিতার জেলা পর্যায়ের বিজয়ীদের মাঝে সার্টিফিকেট ও ক্রেস্ট বিতরণ করা হয়।

এ সময় জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।